



সত্য বিজয়ত

WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 4th Semester Examination, 2023

BNGACOR09T-BENGALI (CC9)

রবীন্দ্র সাহিত্য

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রাতিষ্ঠানিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

- ১। প্রতিটি একক থেকে একটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাও: (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১০×৪ = ৪০ ৩০০ হবে)

একক-১

- (ক) 'ঘরে বাইরে' উপন্যাসে শ্রেয় এবং শ্রেয়'র স্বপ্ন বিমলা চরিত্রের মধ্যে দিয়ে কীভাবে প্রকাশিত হয়েছে — উপন্যাস অবলম্বনে তা' আলোচনা করো। ১০

অথবা

- (খ) 'ঘরে বাইরে' উপন্যাসের ভাষার সুতীক্ষ্ণ শাণিত বাক্যভঙ্গিমা বিরুদ্ধ মতবাদের সংঘর্ষকে উদ্দীপ্ত করে তুলেছে। — মন্তব্যটির যথার্থতা নির্দেশ করো। ১০

একক-২

- (গ) "এইজন্য শতাব্দীর পর শতাব্দী যাইতেছে কিন্তু রামায়ণ মহাভারতের স্রোত ভারতবর্ষে আর লেশমাত্র শুষ্ক হইতেছে না।" — মহাকাব্যের স্রোতে কীভাবে পরম্পরা ও ইতিহাস মিশ্রিত হয়ে গিয়েছে সংশ্লিষ্ট প্রবন্ধ অনুসরণে তা' আলোচনা করো। ১০

অথবা

- (ঘ) "মনে পড়িতেছে, কোনো ইংরেজ কবি লিখিয়াছেন, মানুষেরা এক-একটি বিচ্ছিন্ন দ্বীপের মতো, পরস্পরের মধ্যে অপরিমেয় অশ্রলবণাক্ত সমুদ্র।" — 'ইংরেজ কবি'-র নাম লেখো। উদ্ধৃতিটির নিহিতার্থ বিশ্লেষণ করো। ২+৮

একক-৩

- (ঙ) "ছাদের রাজ্যে নতুন হাওয়া বইল, নামল নতুন ঝড়।" — রবীন্দ্রনাথের 'ছেলেবেলা' গ্রন্থটি অবলম্বনে 'নামল নতুন ঝড়'-এর ব্যঙ্গনা পরিস্ফুট করো। ১০

অথবা

- (চ) "সেই সময়টুকুর বিবরণ যে ভাষায় গেঁথেছি সে স্বভাবতই হয়েছে সহজ, যথাসম্ভব ছেলেদেরই ভাবনার উপযুক্ত।" — 'বালভাষিত গদ্যে' রচিত সেই সহজ বিবরণ কীভাবে সাহিত্যের শ্রেষ্ঠ সম্পদ হয়ে উঠেছে তা' আলোচনা করো। ১০

একক-৪

- (ছ) “বিজ্ঞান শিক্ষায় পুথির পড়ার সঙ্গে চোখের দেখার যোগ থাকা চাই, নইলে সে শিক্ষার বারো-আনা ফাঁকি হয়।” — ‘রাশিয়ার চিঠি’-র দশ সংখ্যক পত্র অনুসরণে রবীন্দ্রনাথের এই উপলক্ষের স্বরূপ বিশ্লেষণ করো। ১০

অথবা

- (জ) রাশিয়ার কৃষি ব্যবস্থা রবীন্দ্রনাথকে কেন অভিভূত করেছিল, ‘রাশিয়ার চিঠি’ অনুসরণে তার পরিচয় দাও। ১০

- ২। যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও: (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০ হবে) ৫×২ = ১০
- (ক) ‘স্ত্রী! ওটা কি একটা যুক্তি! ওটা কি একটা সত্য! ঐ কথাটার মধ্যে একটা আস্ত মানুষকে আগাগোড়া পুরে ফেলে কি তালা বন্ধ করে রাখা যায়?’
— প্রসঙ্গ নির্দেশ করে উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ করো। ২+৩
- (খ) “শ্রমের উচ্ছ্বসিত-অমৃত-পান তাহার সম্মুখেই চলিতেছে। ঘ্রাণেও কি কোনো দিনের জন্য তাহার কোনো-একটা শিরার রক্ত চঞ্চল হইয়া উঠে নাই।”
— কার সম্পর্কে এই মন্তব্য? মন্তব্যটির নিহিত ব্যঞ্জনা পরিস্ফুট করো। ১+৪
- (গ) ‘শিকড়সুদ্ধ আমাকে উপড়ে নিয়ে আসা হল এক খেত থেকে আর-এক খেতে। নতুন আবহাওয়ার সঙ্গে বোঝাপড়া শুরু হল।’
— প্রসঙ্গ উল্লেখসহ ব্যাখ্যা করো। ২+৩
- (ঘ) ‘কিন্তু শুধু যন্ত্রে কোনো কাজ হয় না, যন্ত্রী যদি মানুষ না হয়ে ওঠে।’
— প্রসঙ্গ উল্লেখ করে মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

—x—